গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mole.gov.bd

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি সেবা গ্রহীতাদের অবহিতকরণ সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব জেবুন্নেছা করিম<br>অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪২২) |
| সভার তারিখ | : | ২৮ জুন, ২০২১ |
| সময় | : | দুপুর ১২.৩০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

২। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) এ মন্ত্রণালয়ের সিটিজেন চার্টারে বর্ণিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আগত সেবা গ্রহীতাদের নিকট উপস্থাপন করেন। তিনি জানান যে, সিটিজেন চার্টারে বর্ণিত অভ্যন্তরীণ ও প্রাতিষ্ঠানিক এবং নাগরিক সেবাসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে নিষ্পত্তি করা হয়ে থাকে।

৩। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) মন্ত্রণালয়ের সিটিজেন চার্টারে বর্ণিত অভ্যন্তরীণ ও প্রাতিষ্ঠানিক এবং নাগরিক সেবাসহ সকল সেবা নির্দিষ্ট সময়সীমার মধ্যে নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে;

(খ) গুরুত্বপূর্ণ সেবা চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে নির্ধারিত সময়সীমার মধ্যে নিষ্পত্তি করতে হবে;

(গ) সিটিজেন চার্টার অনুযায়ী নথি নিষ্পত্তির ক্ষেত্রে সুনির্দিষ্ট সময় উল্লেখ করে নথি উপস্থাপন করতে হবে।

৪। সিটিজেন চার্টার অনুযায়ী সেবা নিষ্পত্তির ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা থাকলে দ্রুততম সময়ের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) কে অবহিত করতে হবে।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বা/-
২৯-০৬-২০২১
জেবুন্নেছা করিম
অতিরিক্ত সচিব (প্রশাসন)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

নথি নংঃ ৪০.০০.০০০০.০১১.৯৯.০১৯.২০/১(২৬৫)

তারিখঃ ১৫ আষাঢ় ১৪২৮ / ২৯ জুন ২০২১

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. যুগ্মসচিব (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২. উপসচিব (সকল), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিনিয়র সহকারী সচিব (সকল) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব এর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সিস্টেম এনালিস্ট, সহকারী সচিব (সকল), লাইব্রেরীয়ান, প্রোগ্রামার, সহঃ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৯. অফিস কপি।

২৯.০৬.২০২১
মোর্শেদা আক্তার
উপসচিব (প্রশাসন)